**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 18-06-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, এক পেড় মা কে নাম কর্মসূচি হল মায়েদের অবদানকে যথাযোগ্য সম্মান জানানোর একটি মাধ্যম ।**

**(২) মুখ্যমন্ত্রী আজ এবছরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার প্রথম থেকে দশম স্থান স্থানাধিকারী কৃতীদের সম্বর্ধনা প্রদান করেন।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ক্রোয়েশিয়ার রাজধানী জাগরেব পৌঁছেছেন ।**

**(৪) ইউনিফাইড পেনশন স্কিমের আওতাভুক্ত কেন্দ্রীয় সরকারি কর্মচারীরা এখন অবসর এবং মৃত্যুকালীন গ্র্যাচুইটি সুবিধা পাওয়ার যোগ্য হবেন ।**

****************************************

**Ek Ped Maa ke Nam–CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন “এক পেড় মা কে নাম” শুধুমাত্র একটি কর্মসূচি নয়, এটি মায়েদের অবদানকে যথাযোগ্য সন্মান প্রদান করার একটি মাধ্যম। আজ আগরতলার মহারানী তুলসীবতী বালিকা বিদ্যালয়ে “এক পেড় মা কে নাম”–এর দ্বিতীয় পর্বের কর্মসূচির উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন একজন মা যেমন তার শিশুকে সব প্রতিকূলতা থেকে রক্ষা করেন তেমনি গাছ ও সবাইকে অক্সিজেন, খাদ্য ও ছায়ার মাধ্যমে রক্ষা করে। গাছ পরিবেশ রক্ষা করে প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখে। তিনি বলেন শুধুমাত্র গাছ লাগালেই হবে না তাকে সঠিক ভাবে পরিচর্যা করতে হবে। একটি গাছ প্রায় ২৬০ পাউন্ড অক্সিজেন

প্রদান করে এবং ৪৮ পাউন্ড কার্বন ডাই অক্সাইড শোষণ করে। মুখ্যমন্ত্রী আরো বলেন, এবছর রাজ্যে ১ লক্ষ ৩৬ হাজার বৃক্ষরোপণের উদ্যোগ নেওয়া হয়েছে।

#######Byte-CM#######

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার, বিদ্যালয়ের শিক্ষা অধিকর্তা এন সি শর্মা ও এস.সি.ই.আর.টি অধিকর্তা এল ডার্লং। উল্লেখ্য আজ সারা রাজ্যে ৩ হাজার ৬০০-র বেশি বিদ্যালয়ে এই কর্মসূচি পালন করা হয়েছে।

********************************

**STUDENTS FELICITATION :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ এবছরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার প্রথম থেকে দশম স্থান স্থানাধিকারী কৃতীদের সম্বর্ধনা প্রদান করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে উচ্চশিক্ষার সুযোগ সম্প্রসারিত হয়েছে। মেডিকেল শিক্ষার আসনও বৃদ্ধি পেয়েছে। এই উচ্চশিক্ষার সুযোগ গ্রহনের জন্য ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানান তিনি।ম বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে আগরতলার হাঁপানিয়ার আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের মাধ্যমিক পরীক্ষায় ২৫ জন, উচ্চমাধ্যমিক পরীক্ষায় ২০ জন, সি.বি.এস.সি বোর্ড পরিচালিত মাধ্যমিক পরীক্ষায় ২২ জন এবং উচ্চমাধ্যমিকে ১৫ জন কৃতীকে সংবর্ধনা জানানো হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিক্ষা সচিব রাভেল হেমেন্দ্র কুমার, বিদ্যালয় শিক্ষা অধিকর্তা এন সি শর্মা।

******************************

**Veterinary Hospital :**

প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস আজ খোয়াইয়ের সিঙ্গিছড়া গ্রাম পঞ্চায়েতে পশু চিকিৎসালয়ের উদ্বোধন করেন। চিকিৎসালয়ের ভবনটি নির্মাণে ব্যয় হয়েছে ১ কোটি ১৮ লক্ষ টাকা। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত

ছিলেন বিধানসভার মুখ্যসচেতক কল্যানী রায়, বিধায়ক পিনাকী দাস চৌধুরী, জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিংহ রায়।

****************************

**Bikash Debbarma-Inauguration :**

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেব্বর্মা আজ জিরানিয়ার বেলবাড়িস্থিত জম্মে জয়নগর উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের ৫০ আসন বিশিষ্ট মেয়েদের হোস্টেলের উদ্বোধন করেন। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন সরকার জনজাতি শিক্ষার্থীদের মানসম্মত শিক্ষার প্রসারের জন্য বিভিন্ন উদ্যোগ নিয়েছে। জনজাতি ছাত্রছাত্রীদের হোস্টেলগুলির পরিকাঠামো উন্নয়নের জন্যও উদ্যোগ নেওয়া হয়েছে।

****************************

**Felicitation :**

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরের শ্রীরামপুর স্বামী বিবেকানন্দ ভবনে বিজেপি'র যুব মোর্চা আয়োজিত কৃতি সংবর্ধনা অনুষ্ঠানের উদ্বোধন করেন। এই অনুষ্ঠানে চন্ডীপুর বিধানসভা কেন্দ্রের স্কুলগুলো থেকে এবছরের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ তিন শতাধিক কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা জানানো হয়। বক্তব্য রাখেন যুব মোর্চার প্রদেশ সভাপতি তথা বিধায়ক সুশান্ত দেব, বিজেপি'র জেলা সভাপতি বিমল কর, যুব মোর্চার চন্ডীপুর মন্ডল সভাপতি বাবলু দেব প্রমুখ।

****************************

**11 Years NDA Govt :**

বিগত এগারো বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দূরদর্শী নেতৃত্বে ভারত পরিকাঠামো বিকাশে রূপান্তরের নতুন অধ্যায় রচনা করেছে। শুনুন একটি প্রতিবেদন।

#########VC########

********************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

********************************

**PM, Croatia :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ক্রোয়েশিয়ার রাজধানী জাগরেব পৌঁছেছেন। এটি কোনও ভারতীয় প্রধানমন্ত্রীর ক্রোয়েশিয়ার ঐতিহাসিক প্রথম সফর, যা দ্বিপাক্ষিক সম্পর্কের এক নতুন অধ্যায়ের সূচনা করবে। এই সফরে, কৌশলগত সহযোগিতা আরও গভীর হবে বলে আশা করা হচ্ছে। সফরকালে প্রতিনিধিদল পর্যায়ের আলোচনা, গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে চুক্তি এবং সাংস্কৃতিক কূটনীতি অন্তর্ভুক্ত থাকবে। এই সফরের সময়, ভারত এবং ক্রোয়েশিয়া বিজ্ঞান ও প্রযুক্তি, কৃষি, শিক্ষা এবং সংস্কৃতির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ চুক্তি স্বাক্ষর করবে। জাগরেব বিশ্ববিদ্যালয়ের হিন্দি চেয়ারও সম্প্রসারিত করা হবে, যা ভারতের ভাষাগত ও শিক্ষাগত প্রচারকে আরও জোরদার করবে। সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের অবস্থান এবং জাতিসংঘের নিরাপত্তা পরিষদে স্থায়ী আসনের জন্য ক্রোয়েশিয়ার ক্রমবর্ধমান সমর্থনের মধ্যে এই সফর অনুষ্ঠিত হচ্ছে। ভারত-ইইউ মুক্ত বাণিজ্য চুক্তি এবং ইউরোপ, মধ্যপ্রাচ্য

এবং ভারতকে সংযুক্তকারী বৃহত্তর সংযোগ করিডোরের প্রেক্ষাপটে উভয় দেশই সমন্বয় অন্বেষণ করবে বলে আশা করা হচ্ছে।

******************************

**Gratuity for Unified Pension Scheme :**

কর্মী, জনঅভিযোগ ও পেনশন মন্ত্রকের প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং আজ ঘোষণা করেছেন যে ইউনিফাইড পেনশন স্কিমের আওতাভুক্ত কেন্দ্রীয় সরকারি কর্মচারীরা এখন অবসর এবং মৃত্যুকালীন গ্র্যাচুইটি সুবিধা পাওয়ার যোগ্য হবেন। এনডিএ সরকারের ১১ বছর পূর্তি উপলক্ষে এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, এই পদক্ষেপ সরকারি কর্মীদের একটি উল্লেখযোগ্য চাহিদা পূরণ করে এবং অবসরকালীন সুবিধার ক্ষেত্রে সমতা আনবে। তিনি বলেন, নতুন বিধানটি জাতীয় পেনশন ব্যবস্থার অধীনে সকল শ্রেণীর কর্মচারীদের জন্য সামাজিক সুরক্ষা নিশ্চিত করতে সরকারের প্রতিশ্রুতি প্রতিফলিত করে। তিনি বলেন যে সরকার গত দশ বছরে সরকারি শূন্যপদ পূরণের জন্য দৃঢ় পদক্ষেপ নিয়েছে। ডঃ সিং বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে গত ১১ বছরে যেসব প্রশাসনিক সংস্কার হয়েছে তা কেবল প্রশাসনের মধ্যে সীমাবদ্ধ ছিল না বরং এর সুদূরপ্রসারী প্রভাবও রয়েছে। তিনি বলেন, প্রযুক্তির ব্যবহার করে জীবনযাত্রার সহজীকরণের জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে।

********************************

**VKSA-National :**

কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান জানিয়েছেন যে সাম্প্রতিক বিকশিত কৃষি সংকল্প অভিযান দেশব্যাপী কৃষি গবেষণা, সম্প্রসারণ এবং উন্নয়নের এক অভূতপূর্ব সমন্বয়কে চিহ্নিত করেছে। এই অভিযানে দেশব্যাপী ১ লক্ষ ৪৩ হাজার গ্রামের ১৩ কোটি ৪০ লক্ষ কৃষক সরাসরি যুক্ত হয়েছেন। আজ নতুনদিল্লিতে সংবাদমাধ্যমকে শ্রী চৌহান একথা জানিয়ে বলেন, একটি উন্নত কৃষিক্ষেত্র এবং সমৃদ্ধ কৃষকরা উন্নত ভারতের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দৃষ্টিভঙ্গির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। তিনি আরও বলেন যে বিকশিত কৃষি

সংকল্প অভিযানের আওতায় বিশেষ করে উপজাতি অধ্যুষিত জেলাগুলিতে ৬০ হাজারেরও বেশি কর্মসূচি পালন করা হয়েছে। তিনি বলেন যে এই অভিযানের প্রাথমিক লক্ষ্য ছিল জমি এবং গবেষণাগারের মধ্যে ব্যবধান দূর করা। মন্ত্রী কৃষকদের সম্ভাব্য সমস্ত সহায়তার আশ্বাস দিয়ে বলেন যে সরকারের প্রাথমিক লক্ষ্য হল কৃষকদের আয় বৃদ্ধি করা এবং ভারতকে বিশ্বের খাদ্য ভান্ডারে পরিণত করা। তিনি জানান এই অভিযান অব্যাহত থাকবে।

*************************

**AYUSH MINISTRY-INTERVIEW :**

কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রী প্রতাপরাও যাদব বিশ্বজুড়ে যোগকে সুস্থতার জন্য অনুশীলন হিসেবে তুলে ধরতে কেন্দ্রীয় সরকারের ধারাবাহিক প্রয়াসে আলোকপাত করেছেন। আকাশবাণী সংবাদের সঙ্গে এক বিশেষ সাক্ষাৎকারে তিনি গত ১১ বছরে সরকারের সাফল্যের কথা তুলে ধরেন। তিনি পেশাদারদের কর্মক্ষেত্রে চাপ কমাতে পাঁচ মিনিটের পরিশীলিত যোগা মডিউল, Y-Break at Workplace-এর মতো প্রযুক্তিগত উদ্ভাবন নিয়ে বিস্তারিত আলোচনা করেছেন।

*********************

**MGNREGA Portal :**

পশ্চিম জেলার জেলা শাসকের কার্যালয়ে আজ এম.জি.এন রেগা প্রকল্পের বিষয়ে বৈঠক অনুষ্ঠিত হয়। জেলাশাসক ডাঃ বিশাল কুমারের পৌরোহিত্যে অনুষ্ঠিত এই বৈঠকে রেগা সম্পর্কিত পোর্টালের কিছু গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হয়। আলোচনায় জেলাশাসক ডাঃ কুমার রেগার কাজে স্বচ্ছতার উপর জোর দেন।

***************************

**TRBT :**

টি.আর.বি.টি পরিচালিত টেট ওয়ান পরীক্ষায় ৪৫৮ জন, টেট টু পরীক্ষায় ১৫৮৯ জন এবং শারীরিক শিক্ষক পরীক্ষায় ১৫৮ জন উত্তীর্ণ হয়েছেন। TPSC পরিচালিত জুনিয়র ইঞ্জিনিয়ার পরীক্ষার ফলও ঘোষণা করা হয়েছে। সিভিল বিভাগে ১৬২ জন, ইলেকট্রিক্যাল বিভাগে ১০ জন এবং মেকানিক্যাল বিভাগে ১২ জন উত্তীর্ণ হয়েছেন। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী পরীক্ষায় উত্তীর্ণ সকল প্রার্থীকে অভিনন্দন জানিয়েছেন।

*****************************

**Yoga BSF-Sonamura :**

আন্তর্জাতিক যোগ দিবসকে সামনে রেখে বি.এস.এফ ৮১ নম্বর ব্যাটেলিয়নের উদ্যোগে আজ সোনামুড়ার শ্রীমন্তপুর আন্তর্জাতিক স্থল বন্দরে যোগ অনুশীলন অনুষ্ঠিত হয়। বিএসএফের যোগা প্রশিক্ষক স্থানীয় গ্রামবাসীদের যোগ অনুশীলন করান। শ্রীমন্তপুর বিওপি আয়োজিত এই কর্মসূচিতে শ্রীমন্তপুর ছাড়াও আশপাশের বিভিন্ন বিওপি থেকে বিএসএফ জওয়ানরা অংশ গ্রহণ করেন। উপস্থিত ছিলেন বিএসএফের এসিস্ট্যান্ট কমান্ডেন্ট নহীত মুম্বালিয়া, শ্রীমন্তপুর বিওপির কোম্পানি কমান্ডার ইনস্পেক্টর বিকাশ কুমার প্রমুখ।

************************

**BJP-Kishan Morcha Press Meet :**

ভারত কেশরী ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জীর প্রয়াণ দিবস উপলক্ষে আগামী ২৩ জুন থেকে ১৫ আগস্ট পর্যন্ত সারা দেশের সঙ্গে রাজ্যেও প্রতিটি গ্রামে ১০টি করে গাছের চারা রোপন করার উদ্যোগ নিয়েছে প্রদেশ বিজেপি কিষান মোর্চা। আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে কিষান মোর্চার রাজ্য সভাপতি প্রদীপ বরণ রায় একথা জানান।

***************************

**Congress :**

প্রদেশ কংগ্রেসের এসসি বিভাগের সদর জেলা সাংগঠনিক সভা আজ আগরতলায় অনুষ্ঠিত হয়। সাংগঠনিক সভায় উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, এসসি বিভাগের চেয়ারম্যান নিরঞ্জন দাস প্রমুখ।

*****************************

**Second Division Football :**

উমাকান্ত মিনি স্টেডিয়ামে ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবলে ত্রিপুরা পুলিশ ও ত্রিবেণী সংঘের খেলাটি গোলশূন্য ড্র হয়। ফলে উভয় দল পয়েন্ট ভাগ করে।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলার কিছু স্থানে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টি সঙ্গে ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস।

**********************